

# যুগ্মাত্মক

## শিক্ষকদের ক্লাস বর্জনে হাবিপ্রিবিতে অচলাবস্থা

প্রকাশ : ২০ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 দিনাজপুর প্রতিনিধি

বেতন বৈষম্যের প্রতিবাদ জানাতে গিয়ে লাঞ্ছিত ও হামলার প্রতিবাদে সোমবার টানা তিন দিন ধরে ক্লাস ও পরীক্ষা বন্ধ রেখে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি অব্যাহত রেখেছেন হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রিবি) নতুন পদোন্নতিপ্রাপ্ত ৬১ জন শিক্ষক। নতুন পদোন্নতিপ্রাপ্ত এ শিক্ষকদের সঙ্গে একাত্তা ঘোষণা করে সোমবার থেকে ক্লাস বর্জন কর্মসূচি শুরু করেছে হাবিপ্রিবির প্রগতিশীল শিক্ষক ফোরামও। ফলে বিশ্ববিদ্যালয়ের ২৯৩ জন শিক্ষকের মধ্যে দেড় শতাধিক শিক্ষক ক্লাস বর্জন কর্মসূচি শুরু করায় অচলাবস্থার সৃষ্টি হয়েছে হাবিপ্রিবির শিক্ষা কার্যক্রমে। বৃহস্পতিবার সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে মুখে কালো কাপড় বেঁধে নতুন পদোন্নতিপ্রাপ্ত ৬১ জন সহকারী অধ্যাপক অবস্থান কর্মসূচি শুরু করেন। রোববার সকাল থেকে শিক্ষকরা ক্লাস-পরীক্ষা বর্জন করে মাথায় সাদা কাফনের কাপড় বেঁধে অবস্থানেই রয়েছেন। বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ফাতিহা ফারহানা, হাফিজ আল হোসেনসহ অন্য শিক্ষকরা অভিযোগ করেন, ১১ অক্টোবর রিজেট বোর্ডের সভায় তাদের সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি দেয়া হয়। কিন্তু পদোন্নতি দেয়া হলেও পদ অনুযায়ী বর্ধিত বেতন দেয়া হচ্ছিল না বিশ্ববিদ্যালয়ে পদোন্নতি পাওয়া ৬১ জন শিক্ষককে। এ ঘটনার প্রতিবাদ জানাতে ও কারণ জানতে বুধবার বিকালে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. বিধান চন্দ্র হাওলাদারের কক্ষে প্রবেশ করেন ৬১ জন শিক্ষক। কথা চলাকালীন সিনিয়র শিক্ষকরা তাদের ধাক্কা দিয়ে কক্ষ থেকে বের করে দেন। এরপর সিনিয়র শিক্ষকদের ইঙ্গিতে কতিপয় ছাত্র তাদের লাঞ্ছিত ও মারধর করে। আন্দোলনরত শিক্ষকদের নেতৃত্বান্বিত সহকারী অধ্যাপক কৃষ্ণচন্দ্র রায় জানান, যাদের মদদপুষ্ট হয়ে তাদের ওপর হামলা হয়েছে তাদের অবশ্যই বিচার হওয়া প্রয়োজন, এটা শিক্ষকদের দাবি। ন্যায্য বেতন পাওয়া শিক্ষকদের অধিকার, আর সম্মান সমূহত রাখতে প্রয়োজনে জীবন দিয়ে হলেও রক্ষা করা হবে।

এদিকে সোমবার থেকে নতুন নিয়োগপ্রাপ্ত ৬১ জন শিক্ষকের সঙ্গে একাত্তা ঘোষণা করে ক্লাস বর্জন কর্মসূচি শুরু করেছে হাবিপ্রিবির প্রগতিশীল শিক্ষক ফোরাম। প্রগতিশীল শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক প্রফেসর ড. বলরাম রায় স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে ঘোষণা দেয়া হয়, ২৪ ঘন্টার মধ্যে নতুন পদোন্নতিপ্রাপ্ত শিক্ষকদের দাবি মেনে নেয়া না হলে আজ মঙ্গলবার থেকে তারা ক্লাস ও যে কোনো ধরনের পরীক্ষা গ্রহণ থেকে বিরত থাকবেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।